

প্রধানমন্ত্রীর প্যারিস সফরেই উড়োজাহাজ কেনার চুক্তির আশা ফরাসি দূতের

- A Monitor Desk Report

Date: 24 May, 2024



ঢাকাঃ বাংলাদেশের কাছে উড়োজাহাজ বিক্রি করতে বোয়িং ও এয়ারবাসের জোর চেপ্টার মধ্যে ঢাকায় ফরাসি রাষ্ট্রদূত মেরি মাসদুপুই আশা প্রকাশ করেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্যারিস সফরে ইউরোপীয় উড়োজাহাজ নির্মাতা প্রতিষ্ঠান এয়ারবাসের সঙ্গে চুক্তি চূড়ান্ত হতে পারে।

বুধবার (২২ মে) ঢাকার নিজ বাসায় এক ব্রিফিংয়ে এ আশা প্রকাশ করেন তিনি।

এ বিষয়ে এক প্রশ্নে ফরাসি রাষ্ট্রদূত বলেন, এয়ারবাস মূলত দুটি ভিন্ন প্রস্তাব নিয়ে কাজ করছে। একটি রাষ্ট্রায়ত্ত্ব বিমান বাংলাদেশের সঙ্গে উড়োজাহাজের এবং অন্যটি স্যাটেলাইট সিস্টেমস, যা বাংলাদেশ পৃথিবী পর্যবেক্ষণের উদ্দেশ্যে নিতে চায়। দুটি আলোচনা খুব ভালো চলছে। আমরা আশা করি, খুব শিগগির এসব বিষয়ে চুক্তি সই হবে।

প্রধানমন্ত্রীর পরবর্তী প্যারিস সফরেই এ দুই চুক্তি চূড়ান্ত হবে কিনা, জানতে চাইলে মেরি মাসদুপুই বলেন, ‘আমরা সে রকমই আশা করছি।’

প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্যারিস সফরের তারিখ নির্ধারণ না হলেও সেটি নিয়ে কাজ চলার কথা বলেন ফরাসি রাষ্ট্রদূত।

বাংলাদেশ বিমান কয়েক বছর ধরেই বহরে নতুন সুপারসর উড়োজাহাজ যুক্ত করার চেষ্টা করছে। এ নিয়ে শীর্ষস্থানীয় উড়োজাহাজ নির্মাতা দুই কোম্পানি তাদের আগ্রহ দেখিয়ে বিভিন্ন পর্যায়ে দেন-দরবার চালিয়ে যাচ্ছে।

বিমান বাংলাদেশ কর্তৃপক্ষ জানিয়েছে, এই মুহূর্তে ইউরোপভিত্তিক উড়োজাহাজ নির্মাতা কোম্পানি এয়ারবাসের প্রস্তাব যাচাই-বাছাইয়ের কাজ চলছে। প্রতিষ্ঠানটির কাছ থেকে আটটি যাত্রীবাহী ও দুটি পণ্যবাহী উড়োজাহাজ কেনার বিষয়ে আলোচনা এগোচ্ছে। গত এপ্রিলে বিমানের পর্যদ সভায় এয়ারবাসের প্রস্তাব যাচাই-বাছাই, দরকষাকষিসহ ক্রয় প্রক্রিয়া এগিয়ে নিতে ১১ সদস্যের কমিটিও গঠন করা হয়েছে।

এর আগে সেপ্টেম্বরে ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল মাক্রোঁ ঢাকা সফরে প্রধানমন্ত্রীর সঙ্গে যৌথ সংবাদ সম্মেলনে বলেন, বাংলাদেশ ফ্রান্সের

কোম্পানি এয়ারবাস থেকে ১০টি বড় উড়োজাহাজ 'কেনার প্রতিশ্রুতি' দিয়েছে।

এদিকে বাংলাদেশের কাছে উড়োজাহাজ বিক্রি করতে জোর প্রচেষ্টা চালাচ্ছে যুক্তরাষ্ট্রভিত্তিক বোয়িং। তারা চারটি যাত্রীবাহী এবং দুটি কার্গো উড়োজাহাজ বিক্রি করতে চায়। প্রতিষ্ঠানটি বলছে, বোয়িং কিনলে বাংলাদেশের বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষকে (বেবিচক) যুক্তরাষ্ট্রের ফেডারেল এভিয়েশন অথরিটির (এফএএ) ক্যাটাগরি-১ এ উন্নীত করতে সহায়তা করবে।

যদিও কোন বিমান নির্মাতা কোম্পানিকে ক্রয়াদেশ দেওয়া হচ্ছে, তা এখনও খোলাসা করেনি বাংলাদেশ বিমান। বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের জন্য বোয়িং, নাকি এয়ারবাস থেকে উড়োজাহাজ সংগ্রহ করা হবে— এমন প্রশ্নে সম্প্রতি বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী মুহাম্মদ ফারুক খান বলেন, দেশের জন্য যেটা ভালো হবে, সেটাই বিবেচনা করা হবে।

-B